হরমুজ প্রণালি ইস্যুতে তেহরান যাচ্ছেন ওমানের পররাষ্ট্রমন্ত্রী



ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর আলবুসাইদি। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি নিয়ে আলোচনা করতে মঙ্গলবার (২৫ আগস্ট) ইরানের রাজধানী তেহরান সফরে যাচ্ছেন ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর আলবুসাইদি। সফরে ইরানি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন তিনি।

রোববার (২৩ আগস্ট) ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই এ তথ্য জানান।

বাঘেই বলেন, তেহরান সফরে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে বৈঠক করবেন আলবুসাইদি। দুই দেশের সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়েও তাদের মধ্যে আলোচনা হবে।

ইরান ও ওমানের মধ্যে চলমান রাজনৈতিক সংলাপের অংশ হিসেবেই এই সফর হচ্ছে বলে জানান বাঘেই। হরমুজ প্রণালির উপকূলীয় দেশ হওয়ায় প্রণালিটি ঘিরে দুই দেশের মধ্যে নিয়মিত যোগাযোগ ও আলোচনা রয়েছে।

তিনি বলেন, সফরের মাধ্যমে দুই দেশের পারস্পরিক সহযোগিতা আরও বাড়ানোর পাশাপাশি হরমুজ প্রণালি নিয়ে রাজনৈতিক আলোচনা চালিয়ে যাওয়ার সুযোগ তৈরি হবে। একই সঙ্গে অঞ্চলটিতে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতেও এ ধরনের আলোচনা ভূমিকা রাখবে।

সূত্র: আল জাজিরা।